নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

১৮/০২/২০১৮খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অফিস কক্ষে জনসংযোগ সেল এর কার্য নির্বাহী কমিটির সভার কার্য বিবরনী ঃ-

| | |
|---|---|
| সভার তারিখ | ঃ ১৮ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ |
| বার | ঃ রবিবার |
| সময় | ঃ সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের এর অফিস কক্ষ |
| সভাপতি | ঃ জনাব এ,এম,এফ এহতেশামূল হক<br>সভাপতি, জনসংযোগ সেল<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)**

১। জনাব এ,এম,এফ এহতেশামূল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সভাপতি
২। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৩। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন- সদস্য
৪। জনাব মোঃ আবুল বাশার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৫। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৬। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৭। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৮। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

১) আলোচ্য বিষয় ঃ ক্ষুদেবার্তা প্রভাব নিরূপণ জরিপ পরিচালনা প্রসঙ্গে।

আলোচনা ঃ সিজিপি প্রকল্প হতে ক্ষুদেবার্তা প্রভাব নিরূপণ জরিপ কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। আলোচনায় জনাব মোঃ মঈনুল ইসলাম ২৫টি জরিপের কথা উল্লেখ করেন। জরিপের জন্য একটি নমুনা প্রশ্নপত্র তৈরী করা হয়েছে যা সভায় উপস্থাপন করেন। জরিপ কার্যক্রম আগামী মার্চ ২০১৮ এর মধ্যে সম্পন্ন করার জন্য উল্লেখ করেন। জরিপ কার্যক্রম পরিচালনার ফলে ক্ষুদেবার্তার প্রভাব নিরূপণ করা যাবে মর্মে সভায় উল্লেখ করেন।

**সিদ্ধান্ত** ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে দ্রুত ক্ষুদেবার্তা নিরূপণ জরিপ পরিচালনা কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহিত হয়।

২) আলোচ্য বিষয় ঃ ই-গভার্নেন্স কার্যক্রম এর অগ্রগতির আলোচনা প্রসঙ্গে।

**আলোচনা** ঃ নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সকল নাগরিক সেবা অনলাইনের মাধ্যমে প্রদানের জন্য কাজ করছে। এটুআই কর্তৃক হোল্ডিং, ট্যাক্স, ট্রেড লাইসেন্স ও নাগরিক সনদ এর সফটওয়্যার প্রণয়নের কাজ সম্পাদন করা হয়েছে। এসব সফটওয়্যার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে ব্যবহার করে নগরবাসীকে অনলাইনের মাধ্যমে সেবা প্রদান করা যেতে পারে বলে তিনি জানান। এছাড়া সিটি কর্পোরেশন দাপ্তরিক কার্যক্রমে ই-নথি ব্যবস্থাপনা প্রবর্তন করতে আগ্রহী। এখানে উল্লেখ্য, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অনলাইন সেবা চালু করা একান্ত অপরিহার্য বলে তিনি জানান। এছাড়াও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন যেসব সেবা প্রদান করছে তা হলঃ-

- এসএসসি/এইচএসসি পরীক্ষার ফলাফল;
- অনলাইন বিশ্ববিদ্যালয় ভর্তি আবেদন;
- ভিজিডি/ভিজিএফ সম্পর্কিত তথ্যাদি;
- পাসপোর্ট ফরম;
- ড্রাইভিং লাইসেন্স ;
- ভূমি নামজারী ফরম;
- জাতীয় পরিচয় পত্র সংক্রান্ত;
- ই-টিন সম্পর্কিত;

- ❖ সরকারী চাকুরীর আবেদনপত্র;
- ❖ সরকারী যেকোন ধরনের ফরম।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে উপস্থিত সকলে একমত পোষণ করে বলেন নগর তথ্য সেবা কেন্দ্র উন্নয়নের লক্ষ্যে এবং নগরবাসীর নিকট সেবা পৌছে দিতে উপরোক্ত গৃহিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

**৩) আলোচ্য বিষয় ঃ ডিজিটাল উদ্ভাবনী মেলায় অংশগ্রহণকরণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা এ,এফ,এম এহতেশামূল হক উপরোক্ত বিষয়ে জানান যে, ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮ নারায়ণগঞ্জ সার্কিট হাউজ চত্বরে আগামী ২৪-২৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের মাধ্যমে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উন্নয়নমূলক কার্যক্রম তুলে ধরা হবে। তিনি উক্ত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে সিটি কর্পোরেশন এর প্রস্তুতির বিষয়টি তুলে ধরেন।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সকলে একমত পোষণ করেন এবং মেলায় অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আহ্বায়ক, জনাব মোঃ মঈনুল ইসলাম সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ,এফ,এম এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ০২-৭৬৩৩৪২৩
ই-মেইলঃ ceo@ncc.gov.bd

স্মারক নং-৪৬.৪৪.৬৭০০.০০৪.০৬(২).২১.১৫/ তারিখঃ

**সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রকল্প পরিচালক, সিটি গভর্নেন্স প্রকল্প (সিজিপি), আরডিইসি ভবন, লেভেল-৮, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাব মোঃ আবুল বাসার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(এ,এফ,এম এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন